

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৭৫১

বিলৌনীয়া,৮ নভেম্বর,২০২৪

দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক যুব উৎসবের উদ্বোধন
যুবারা আগামীদিনের ভবিষ্যত : সমবায়মন্ত্রী

আজকের যুবারা আগামীদিনের ভবিষ্যত। যুব সম্প্রদায়ের মানসিক বিকাশে যুব উৎসব গুরুত্বপূর্ণ ভূমিকা নেয়া। আজ বিলৌনীয়া টাউনহলে দু'দিনব্যাপী দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক যুব উৎসব ও বিজ্ঞান মেলায় উদ্বোধন করে সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া একথা বলেন। অনুষ্ঠানে তিনি বলেন, রাজ্য সরকার বিকশিত ত্রিপুরা গড়ে তোলার উদ্যোগ নিয়েছে। এই কাজে রাজ্যের যুব সম্প্রদায়কে এগিয়ে আসতে হবে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি দীপক দত্ত, বিলৌনীয়া পুরপরিষদের ভাইস চেয়ারপার্সন শিখা নাথ, পুরপরিষদের শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি অনুপম চক্রবর্তী, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের জেলা আধিকারিক মিহির শীল প্রমুখ। দু'দিনব্যাপী এই উৎসবে জেলার বিভিন্ন ব্লক থেকে ৪ শতাধিক প্রতিযোগী অংশ নিয়েছেন। যুব উৎসবে ১৩টি বিভাগে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। জেলাভিত্তিক বিজ্ঞান মেলায় জেলার ৫০টি বিদ্যালয় থেকে ৫০টি মডেল প্রদর্শিত হয়েছে।
